**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/22/2023 **গভর্নর ক্যাথি হোকল**

## গভর্নর হোকল ক্ষুদ্র, গ্রামীণ ও সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে পানি অবকাঠামো তহবিল পেতে সাহায্য করার জন্য সম্প্রদায়ের সহায়তা দল শুরু করার ঘোষণা করলেন

***সম্প্রদায়গুলিকে পানি অবকাঠামো উন্নয়নের প্রয়োজনীয় সংস্থান ও তহবিলের সাথে যুক্ত করে দিতে অর্থনৈতিক বিকাশ অঞ্চলগুলিতে আউটরিচ ইভেন্ট***

***পরিকল্পনা থেকে কাজ শেষ হওয়া পর্যন্ত প্রকল্পসমূহকে সমর্থন করতে অনসাইট এবং ভার্চ্যুয়াল কন্সালটেশনের জন্য সম্প্রদায়ের সহায়তা দল উপলভ্য***

গভর্নর ক্যাথি হোকল আজকে একটি সক্রিয় আউটরিচ উদ্যোগ শুরু করার ঘোষণা করলেন যা ক্ষুদ্র, গ্রামীণ ও সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে তাদের পানি অবকাঠামো চাহিদা মেটাতে সাহায্য করবে। নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন (Environmental Facilities Corporation, EFC) সম্প্রদায়ের সহায়তা দল (Community Assistance Teams) সমবেত করেছে যাতে সম্প্রদায়সমূহকে তাদের অতি গুরুত্বপূর্ণ পানি অবকাঠামো প্রকল্পসমূহ গ্রহণ করতে সাহায্য করার জন্য অভিজ্ঞদের সাথে সংযুক্ত করে দেওয়া যায়। এই দলগুলি স্টেটজুড়ে সম্প্রদায়সমূহকে পরিকল্পনার কাজ শুরু করা, তহবিলের আবেদন জমা করা, এবং প্রকল্পের কাজ শেষ হওয়া পর্যন্ত অনসাইট বা ভার্চ্যুয়াল কনসাল্টেশন প্রদান করবে।

"সম্প্রদায়সমূহের কাছে অত্যাবশ্যকীয় প্রকল্পের কাজ করার কর্মী, সংস্থান বা দক্ষতা না থাকার কারণে অনেক বেশি অতি গুরুত্বপূর্ণ পানি ব্যবস্থা অবহেলিত হতে হতে দৈন্যদশায় পৌঁছে গেছে, কিন্তু তা আজকে শেষ হচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "পরিষ্কার পানির অবকাঠামোর জন্য এই বছরের নির্বাহী বাজেটে 500 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করা হয়েছে, আর আগামী অনেক প্রজন্ম ধরে পরিষ্কার পানি পাওয়ার সুযোগ বহাল রাখতে সম্প্রদায়সমূহের যেই আর্থিক সহায়তা প্রয়োজন তা পাওয়ার ক্ষেত্রে প্রতিবন্ধকতা দূর করতে আমার প্রশাসন কাজ করে যাবে।"

নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন একটি সরকারি বেনিফিট কর্পোরেশন যারা পানি অবকাঠামো উন্নয়নের জন্য স্বল্প মূল্যে ক্যাপিটাল ও অনুদান প্রদান করে, ক্ষুদ্র, গ্রামীণ ও সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে অভীষ্ট আউটরিচ পরিচালনা করতে সম্প্রদায়ের সহায়তা দল নিযুক্ত করার জন্য তারা পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) ও স্বাস্থ্য বিভাগের (Department of Health) সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছে।

এর মধ্যে রয়েছে গভর্নরের আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদসমূহ (Regional Economic Development Councils, REDC) এবং স্থানীয় সংগঠনগুলির সাথে অংশীদারিত্ব করে তথ্য ইভেন্টের আয়োজন করা, নিয়ন্ত্রিত ফ্যাসিলিটি আছে কিন্তু বহু বছর ধরে তহবিলের জন্য EFC-কে ব্যবহার করেনি এমন সম্প্রদায়সমূহকে সনাক্ত করা, এবং মিউনিসিপ্যালিটিগুলির সরাসরি সহায়তার অনুরোধের সাড়াদান করা। যেসব সম্প্রদায় তাদের বিদ্যমান পানি অবকাঠামোর উন্নয়ন করার পরিকল্পনা করছে এবং যেসব সম্প্রদায় নতুন পানি ও সিউয়ার জেলা নির্মাণে কাজ করছে তাদেরকে দলগুলি এক-এক সহায়তা প্রদান করবে।

**সেভ দ্য ডেট: আউটরিচ ইভেন্ট**
বর্তমানে মোহক ভ্যালি, নর্থ কান্ট্রি এবং সাউদার্ন টিয়ার অঞ্চলসমূহের জন্য আউটরিচ ইভেন্টের সময়সূচি নির্ধারিত আছে। অতিরিক্ত ইভেন্ট EFC এর ওয়েবসাইটে ঘোষণা করা হবে, এছাড়াও সম্প্রদায়সমূহ EFC এর ইমেইল পাওয়ার জন্য সাইন আপ করতে পারবে।

- **মোহক ভ্যালি:** বৃহস্পতিবার, 28 ফেব্রুয়ারি, দুপুর 1টা - বিকাল 3টা, হারকাইমার কলেজে, রবার্ট ম্যাকলাফলিন কলেজ সেন্টার, 100 রিজার্ভয়ের রোড, হারকাইমার, NY 13350। নাম, সম্প্রদায় ও যোগাযোগের তথ্য দিয়ে ইমেইলের মাধ্যমে মোহক ভ্যালি ইভেন্টের জন্য নিবন্ধন করুন info@mvedd.org এ বা জুমের মাধ্যমে নিবন্ধন করুন।
- **নর্থ কান্ট্রি**: মঙ্গলবার, 14 মার্চ, দুপুর 12:30টা - বিকাল 3টা, এসেক্স কাউন্টি অফিস, সুপারভাইজার বোর্ড রুম, 7551 কোর্ট স্ট্রিট এলিজাবেথটাউন, NY 12932। নর্থ কান্ট্রি ইভেন্টের জন্য অনলাইনে নিবন্ধন করুন।
- **সাউদার্ন টিয়ার**: 6 এপ্রিল, সাউদার্ন টিয়ার সেন্ট্রাল রিজিয়নাল লিডারশিপ কনফারেন্স, কর্নিং কমিউনিটি কলেজ, 1 একাডেমিক ড্রাইভ, কর্নিং NY 14830। সাউদার্ন টিয়ার ইভেন্টের জন্য অনলাইনে নিবন্ধন করুন।

**একটি বৈঠকের সময়সূচি ঠিক করুন**
অনুরোধ করা হলে মিউনিসিপ্যাল কর্মকর্তাদের সাথে সশরীরে বা ভার্চুয়ালি বৈঠক করার জন্য সম্প্রদায়ের সহায়তা দলগুলি উপলভ্য থাকবে। একটি সম্প্রদায়ের সহায়তা দলের সাথে কনসাল্টেশনের সময়সূচি ঠিক করার জন্য মিউনিসিপ্যালিটিগুলি https://efc.ny.gov/CAT এ EFC এর সাথে যোগাযোগ করতে পারবে।

**নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন এ. কোলম্যান বলেন,** "পানি অবকাঠামো উন্নয়নের জন্য উল্লেখযোগ্য তহবিল উপলভ্য আছে এবং যেই সম্প্রদায় এবং প্রকল্পসমূহের প্রয়োজন সর্বোচ্চ, EFC এই অর্থ তাদেরকে দিতে প্রতিশ্রুতিবদ্ধ। EFC দীর্ঘদিন ধরে সম্প্রদায়গুলিকে তাদের অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো প্রকল্পের কাজ শুরু করার জন্য তহবিলের সুযোগ পেতে সাহায্য করছে। গভর্নর হোকলের স্টেট অফ দ্য স্টেট উদ্যোগ এই ঐতিহ্যের উপর ভিত্তি করে হয়েছে। EFC সম্প্রদায়ের সহায়তা দলসমূহের নেতৃত্ব দিতে পেরে গর্বিত এবং একটি প্রকল্প অগ্রসর করার জন্য সম্প্রদায়ের সক্ষমতার ঘাটতির কারণে যাতে কেউ বাদ না পড়ে তা নিশ্চিত করতে EFC সাহায্য করবে। EFC এর নিবেদিত দলগুলি স্টেটজুড়ে স্টেট ও স্থানীয় অংশীদারদের সাথে কাঁধে কাঁধ

মিলিয়ে কাজ করতে প্রস্তুত আছে এবং সমর্থনের প্রয়োজন আছে এমন সকল সম্প্রদায়কে আমরা তাগিদ দিচ্ছি আমাদের সাথে যোগাযোগ করার জন্য।"

**নিউ ইয়র্ক স্টেটের পরিবেশন সংরক্ষণ বিভাগের কমিশনার এবং EFC বর্ডার প্রধান ব্যাসিল সেগোস বলেন,** "আকার বা অবস্থান নির্বিশেষে সকল নিউ ইয়র্ক সম্প্রদায়কে সাহায্য করার জন্য গভর্নর হোকলের স্টেট অফ দ্য স্টেট উদ্যোগটি মুখ্য ভূমিকা রাখবে যেখানে পানি অবকাঠামো উন্নয়ন ও নির্মাণকাজে রেকর্ড পরিমাণ তহবিল পাওয়ার সুযোগ উপলভ্য করা হয়েছে। সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলি দূষণের একটি অসামঞ্জস্যপূর্ণ বোঝা বহন করে এবং তাদেরকে ও আমাদের ছোট টাউন ও গ্রামগুলিকে তহবিল প্রক্রিয়ার ব্যাপারে জ্ঞান আছে এমন স্টেট বিশেষজ্ঞদের সাতে যুক্ত করে দিতে পারলে তা পরিষ্কার পানির লক্ষ্য অর্জনে এবং আরো স্বাস্থ্যকর, সমৃদ্ধশালী এলাকা গঠনে সাহায্য করবে।"

**নিউ ইয়র্ক স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন,** "নিউ ইয়র্ক স্টেটজুড়ে স্বাস্থ্যকর, টেকসই ও স্থিতিস্থাপক সম্প্রদায়ের জন্য প্রথম অগ্রাধিকার হলো পরিষ্কার খাওয়ার পানি। নিউ ইয়র্ক স্টেট পরিষ্কার পানি অবকাঠামোতে সক্রিয় বিনিয়োগ করা অব্যাহত রাখছে যা জনস্বাস্থ্য, জীবনযাত্রার মান, সম্প্রদায়ের পুনরুজ্জীবন এবং অর্থনৈতিক বিকাশের জন্য অত্যাবশ্যকীয়। নিউ ইয়র্কের ক্ষুদ্রতর, গ্রামীণ ও সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলির কাছে যাতে অত্যাবশ্যকীয় পানি অবকাঠামো তহবিল পাওয়ার সমান সুযোগ থাকে, এই উদ্ভাবনী আউটরিচ উদ্যোগটি তা নিশ্চিত করতে সাহায্য করবে।এই উদ্যোগের ফলে, আকার বা সংস্থান যাই হোক না কেনও, নিউ ইয়র্কের দেশের শীর্ষস্থানীয় সম্প্রদায় টেকসই করার প্রয়াসে কোনও সম্প্রদায়ই বাদ থাকবে না।"

**স্টেটের ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন,** "আমাদের সম্প্রদায়ের পানির অবকাঠামোতে বিনিয়োগ করা হলে তা সকল নিউ ইয়র্কবাসীর পরিষ্কার পানি পাওয়ার সুযোগ অব্যাহত রাখা নিশ্চিত করতে সাহায্য করবে। গভর্নর হোকল উপলব্ধি করেছেন যে একটি পরিচ্ছন্ন পরিবেশ নিশ্চিত করতে কৌশলগত বিনিয়োগ করা এবং সম্ভাব্য সর্বোত্তম মানের খাওয়ার পানির ব্যবস্থা করা নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্যকে সুরক্ষিত রাখবে। এই সম্প্রদায়ের সহায়তা দলগুলি স্টেট ও স্থানীয় উভয় পর্যায়ে আমাদের অংশীদারদের সাথে কাজ করে নিশ্চিত করবে যাতে তারা তাদের পানি ব্যবস্থা উন্নত করতে প্রয়োজনীয় আর্থিক সহায়তা লাভ করে।"

পানির মানের প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতি
নিউ ইয়র্ক বিশুদ্ধ জলের অবকাঠামোর প্রকল্পে বিনিয়োগ বাড়াচ্ছে। অতি সম্প্রতি, তার 2024 সালের নির্বাহী বাজেট প্রস্তাবে, গভর্নর হোকল পরিষ্কার জলের তহবিলে অতিরিক্ত 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের প্রতিশ্রুতি দিয়েছিলেন, যা নিউ ইয়র্কের মোট বিশুদ্ধ জল অবকাঠামো বিনিয়োগকে 5 বিলিয়ন মার্কিন ডলারে নিয়ে আসে।

উপরন্তু, 4.2 বিলিয়ন ডলারের ক্লিন ওয়াটার, ক্লিন এয়ার, অ্যান্ড গ্রিন জবস এনভায়রনমেন্টাল বন্ড অ্যাক্টের ভোটার অনুমোদনের সাথে বার্ধক্যজনিত জলের অবকাঠামো আপডেট করতে এবং জলের গুণমান রক্ষা করার জন্য অতিরিক্ত, ঐতিহাসিক স্তরের তহবিল রয়েছে; তীব্র ঝড় এবং বন্যা সহ্য করার জন্য কমিউনিটির ক্ষমতাকে শক্তিশালী করে; বায়ু দূষণ এবং নিম্ন জলবায়ু-পরিবর্তনকারী নির্গমন হ্রাস করে যা বাসস্থান পুনরুদ্ধার করে; বহিরঙ্গন স্থান এবং স্থানীয় খামার

সংরক্ষণ করে; এবং সুবিধাবঞ্চিত কমিউনিটির সংস্থানের 40 শতাংশের লক্ষ্য সহ কমপক্ষে 35 শতাংশ বিনিয়োগ করে সমতা নিশ্চিত করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418